বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিসাব সমন্বয় বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Emailঃ dgmrecon@krishibank.org.bd
web: www.krishibank.org.bd

ডিএমডি-২ পরিপত্র নং- ০১/২০২৩ তারিখঃ ২০.০৬.২০২৩ খ্রিঃ

বিষয়ঃ **বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা সিবিএস এ অন্তর্ভুক্ত হওয়ায় ব্যাংকের আন্তঃশাখা লেনদেনসমূহ রিয়েল টাইম সেটেলমেন্টে আনয়নের উদ্দেশ্যে ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত ও ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব খাত এর লেনদেন বন্ধকরণসহ আন্তঃশাখা হিসাবের ১১১, ১১২, ১১৩, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১২, ১১১৩ ও ১১১৬ খাতসমূহের স্থিতি ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাত এর সাথে একীভূতকরণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ১৫.০৬.২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৮৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংকের আন্তঃশাখা লেনদেনসমূহ রিয়েল টাইম সেটেলমেন্টের আওতায় আনয়নের উদ্দেশ্যে ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত ও ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব খাত এর লেনদেন বন্ধকরণসহ সনাতনী সকল সাধারণ হিসাব খাতের লেনদেন একটি খাতভুক্ত করার লক্ষ্যে চলমান ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাত এর সাথে লেনদেনের নিমিত্ত সকল আন্তঃশাখা ১১১, ১১২, ১১৩, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১২, ১১১৩ ও ১১১৬ সাধারণ হিসাব খাতসমূহ একীভূত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো ঃ

১.১। ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত এবং ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব খাত দুটিতে লেনদেন অব্যাহত/চলমান থাকবে।

১.২। ০১.০৭.২০২৩ তারিখ থেকে ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত এবং ১১৬-বিভাগীয় সাধারণ হিসাব খাত দুটিতে লেনদেন বন্ধ করে এর পরিবর্তে ০১.০৭.২০২৩ তারিখ থেকে আঞ্চলিক খাতের লেনদেন এবং বিভাগীয় খাতের লেনদেন ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাত এর মাধ্যমে সম্পাদন করতে হবে।

১.৩। ০১.০৭.২০২৩ তারিখ থেকে ১১১, ১১২, ১১৩, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১২, ১১১৩ এবং ১১১৬ সাধারণ হিসাব খাতসমূহের ডেবিট/ক্রেডিট স্থিতি শুন্যকরতঃ ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাতকে ক্রেডিট/ডেবিট করা হবে; যা প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক সম্পাদিত হবে।

১.৪। ০১.০৭.২০২৩ তারিখ থেকে ১.৩নং ক্রমিকে উল্লেখিত ১১১, ১১২, ১১৩, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১২, ১১১৩ এবং ১১১৬ খাতসমূহে বিগত সময়ের কোন এ্যাডভাইস সাড়া প্রদান করার হিসাবায়ন প্রক্রিয়া নিম্নবর্ণিতভাবে সম্পাদন করতে হবে ঃ

ক. ডেবিট এ্যাডভাইস সাড়া প্রদানের ক্ষেত্রে (উদাহরণস্বরূপ হিসাব খাতটি ১১৫ বিবেচনা করা হলো) ঃ

| ডেবিট | টাকা | ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| সংশ্লিষ্ট হিসাব খাত | ১০০.০০ | ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত | ১০০.০০ |
| ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব খাত | ১০০.০০ | ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাত | ১০০.০০ |

খ. ক্রেডিট এ্যাডভাইস সাড়া প্রাদনের ক্ষেত্রে (উদহারণস্বরূপ হিসাব খাতটি ১১৯ বিবেচনা করা হলো) ঃ

| ডেবিট | টাকা | ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ১১৯-বিকেবি সাধারণ হিসাব খাত | ১০০.০০ | সংশ্লিষ্ট হিসাব খাত | ১০০.০০ |
| ১১১৪-বিকেবি সাধারণ হিসাব খাত | ১০০.০০ | ১১৯-বিকেবি সাধারণ হিসাব খাত | ১০০.০০ |

১.৫। বিকেবি সাধারণ ব্লক খাতসমূহ ১১২, ১১৩, ১১৭, ১১৮, ১১৯, ১১১২, ১১১৩, ১১১৬ এর স্থিতির উপর ০১.০৭.২০২২ তারিখ থেকে ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত ২০২২-২০২৩ অর্থবছরে সাধারণ হিসাবের সুদ হিসাবায়ন সংক্রান্ত পরিপত্র নং ১৪/২০১৯ তারিখ ১৯.০২.২০১৯, পরিপত্র নং ০৫/২০২২ তারিখ ২৫.০৭.২০২২ এবং পরিপত্র নং-০১/২০২৩ তারিখ ০১.০২.২০২৩ এ উল্লিখিত সময়ে সময়ে প্রযোজ্য হারে নিটিং পদ্ধতিতে সুদ ধার্য করা হবে যা প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক ২২.০৬.২০২৩ তারিখে সম্পাদিত হবে।

চলমান পাতা-০২

২। উল্লেখ্য, ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব এবং ১১৬-বিভাগীয় সাধারণ হিসাবের ০১.০৭.২০২৩ খ্রিঃ তারিখ পূর্ববর্তী অনিষ্পন্ন এন্ট্রিসমূহ স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও বিভাগীয় কার্যালয় কর্তৃক নিষ্পন্ন করতঃ হালনাগাদ প্রতিবেদন মাসিক ভিত্তিতে হিসাব সমন্বয় বিভাগে প্রেরণের নির্দেশনা যথারীতি বহাল থাকবে। ৩০.০৬.২০২৩ তারিখ লেনদেন শেষে ১১৫-আঞ্চলিক সাধারণ হিসাব এবং ১১৬-বিভাগীয় সাধারণ হিসাবের অনিষ্পন্ন সকল এন্ট্রির হার্ডকপি ও সফটকপি সিডিতে স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

৩। এতদ্‌বিষয়ে, প্রয়োজনে হিসাব সমন্বয় বিভাগের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

20/06/23

(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক-২

নং-প্রকা/সমন্বয়-৭৫/২০২২-২০২৩/৪৫৬(১২৫০) তারিখঃ ২০.০৬.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১/২/৩ এর দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৪. সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। **ক্রমিক নং ১.৩ ও ১.৫ এ বর্ণিত কার্যক্রম বর্ণিত সময়ে সম্পন্নকরণ ও পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৬. উপমহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখাসমূহ, বিকেবি।
৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৮. সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
৯. সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০. নথি/মহানথি।

20/06/2023

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক